# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**29 NOVEMBER 2025** **7:45—7:55 PM**

---

১) বিধানসভায় ৬ জনগোষ্ঠীর জনজাতিকরণ সম্পর্কীত মন্ত্রীগোষ্ঠীর প্রতিবেদন দাখিল ।

২) ১৯৫১ সালের আগে আসামে আসা লোকেদের জমির পাট্টা প্রদান করা হবে বলে সরকারের ঘোষণা ।

৩) আসামে ২০১৯ সাল থেকে এ পর্যন্ত ৪শো ৩০ জন সরকারী আধিকারিক ও কর্মচারীকে দূর্ণীতি নিবারণ আইনের অধীনে গ্রেপ্তার ।

এবং

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামীকাল বেলা ১১টায় আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের জনসধারণের সঙ্গে মত বিনিময় ।

-------------------------------------------------------------------------------------

আসামের ৬ টি জনগোষ্ঠীর জনজাতিকরণ সম্পর্কীত মন্ত্রীগোষ্ঠীর প্রতিবেদন আজ রাজ্য বিধানসভায় দাখিল করা হয়েছে । শিক্ষামন্ত্রী রণোজ পেগু বিধানসভায় আজ এই প্রতিবেদন দাখিল করেছেন । উল্লেখ্য যে রাজ্যে ৬টি জনগোষ্ঠীর জনজাতিকরণ প্রসঙ্গে গঠন করা মন্ত্রীগোষ্ঠী গত বুধবার রাজ্য মন্ত্রীসভায় এই মর্মে একটি প্রতিবেদন দাখিল করেছিল । মন্ত্রীসভার বৈঠকের পর মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এই প্রতিবেদনটি মন্ত্রীসভায় অনুমোদন জানানো হয়েছে বলে সাংবাদিকদের জানিয়েছিলেন । এই প্রতিবেদন বর্তমানের জনজাতিদের অধিকার ও সাংবিধানিক সুরক্ষার ক্ষেত্রে কোন ধরণের অসুবিধার সৃষ্টি না করে অন্যান্য জনগোষ্ঠীর আশা আকাঙ্খাকে প্রতিনিধিত্ব করতে পারবে বলে ডক্টর শর্মা উল্লেখ করেছেন ।

-------------------------------------------------------------------------------------

১৯৫১ সালের আগে আসামে আসা লোকেদের জমির পাট্টা প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা জানিয়েছেন । আসাম বিধানসভার শীতকালীন অধিবেশনের আজ অন্তিম দিনে মুখ্যমন্ত্রী সভায় এইকথা ঘোষণা করেন । তিনি বলেন যে- সরকার ভূমির অধিকার প্রদানের জন্য নিয়মের ভিত্তিতে সময়সীমা নির্ধারণ করেছে । এসম্পর্কে তিনি বলেন-০

#বাইট#

---------------------------------------------------------------------------------

আসামে ২০১৯ সাল থেকে এ পর্যন্ত ৪শো ৩০ জন সরকারী আধিকারিক ও কর্মচারীকে দূর্নীতি নিবারণ আইনের অধীনে গ্রেপ্তার করা হয়েছে । এর মধ্যে আসাম পুলিশের দূর্নীতি নিবারণ ও তদারকি শাখা ৩শো ২ জনকে , মুখ্যমন্ত্রীর বিশেষ তদারকি শাখা ৮৮ জনকে এবং আসাম পুলিশ ৪০ জন আধিকারিক ও কর্মচারীকে গ্রেপ্তার করেছে । আসাম বিধানসভার শীতকালীন অধিবেশনের আজ শেষ দিন বিধায়ক জাকির হুসেইন সিকদারের এই মর্মে উত্থাপিত এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এই তথ্য প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------

আসাম বিধানসভার শীতকালীন অধিবেশনের আজ অন্তিম দিনে অধিবেশন শেষে ধলাই আসনের বিধায়ক নীহার রঞ্জন দাস রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু'র কক্ষে গিয়ে তাঁর সঙ্গে সাক্ষাৎ করেন । তিনি ডাঃ পেগু'র সঙ্গে ধলাই বিধানসভা আসন এলাকার শিক্ষা ব্যবস্থা নিয়ে বিস্তারিত আলোচনা করেছেন । শ্রী দাস ধলাই এলাকার বিভিন্ন স্কুলের নানা সমস্যার কথা তুলে ধরেন । তিনি শিক্ষামন্ত্রীকে জানিয়েছেন যে- ধলাই এলাকার বিভিন্ন স্কুলে ছাত্র অনুপাতে শিক্ষকের সংখ্যা অত্যন্ত কম । এর পরিপ্রেক্ষিতে শিক্ষার অধিকার আইন অনুযায়ী তিনি শিক্ষামন্ত্রীর কাছে ধলাই বিধানসভা এলাকার প্রতিটি স্কুলে পর্যাপ্ত শিক্ষক-শিক্ষিকার ব্যবস্থা করার আবেদন জানিয়েছেন । এবং এই সংক্রান্ত একটি স্মারক পত্র শিক্ষামন্ত্রীর কাছে জমা দিয়েছেন । এদিকে মন্ত্রী ডাঃ পেগু বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করার আশ্বাস দিয়েছেন বলে বিধায়কের সূত্রে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

সরকার আগামী সোমবার থেকে অনুষ্ঠেয় সংসদের শীতকালীন অধিবেশনের আগে আগামীকাল একটি সর্বদলীয় বৈঠকের আহ্বান করেছে । বৈঠকে কেন্দ্রীয় সংসদীয় পরিক্রমা বিভাগের মন্ত্রী কিরেণ রিজিজু সংসদের উভয় কক্ষের রাজনৈতিক দলগুলির

নেতাদের সঙ্গে সাক্ষাৎ করবেন । এই বৈঠকে সরকার আসন্ন শীতকালীন অধিবেশনের সময় লোকসভা এবং রাজ্যসভায় নির্ধারিত কার্যসূচি সুচারুভাবে সম্পন্ন করার বিষয়টি নিশ্চিত করতে সবার সহযোগিতা কামনা করবে । আগামী ১৯ ডিসেম্বর পর্যন্ত অনুষ্ঠেয় এই অধিবেশনের সময় আলোচনা এবং বিবেচনার জন্য বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বিল সংসদের উভয় কক্ষে পেশ করা হবে ।

---------------------------------------------------------------------------------------

২০২৪ সালে অনুষ্ঠিত রাজ্যপালদের এক সম্মিলনের পরামর্শ অনুসারে তথা স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের নির্দেশ মর্মে রাজ্যপালের কার্যালয়কে রাজভবনের পরিবর্তে লোকভবন হিসেবে নামকরণ করা হয়েছিল । অন্যদিকে , উপ-রাজ্যপালের কার্যলয়কে লোকনিবাস হিসেবে নামকরণ করা হয়েছিল । এই নির্দেশ অনুসারে আসামের রাজ্যপালের কার্যালয়কে এখন থেকে লোকভবণ হিসেবে নামকরণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

স্বাধীনতার ৭৮ বছর পর চা শ্রমিকদের জমির পাট্টা প্রদানের ঐতিহাসিক বিল গতকাল আসাম বিধানসভায় গৃহিত হওয়ায় শ্রীভূমি জেলার রামকৃষ্ণনগর সমজেলার প্রায় সবকটি চা-বাগান অঞ্চলের চা-শ্রমিকরা মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মাকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন । গতকাল বিধানসভায় এই বিল গৃহিত হওয়ার সঙ্গে সঙ্গেই শ্রীভূমি জেলার দুল্লভছড়া , গম্ভীরা , বিদ্যানগর , কালীনগর সহ রামকৃষ্ণনগর সমজেলার বাগান এলাকায় আনন্দ মুখোর পরিবেশ সৃষ্টি হয় । বিভিন্ন শ্রমিক সংগঠনের নেতারা এই বিলটি গৃহিত করার মাধ্যমে প্রজন্মের পর প্রজন্ম ধরে বঞ্চিত মানুষের মর্যাদা ফিরিয়ে দেওয়া হয়েছে বলে মন্তব্য করেছেন ।

---------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকা উন্নয়ন সহ অন্যান্য কয়েকটি দপ্তরের মন্ত্রী কৌশিক রাই আজ হাফলং আবর্ত ভবণে আয়োজিত এক সভায় ২৭ নম্বর জাতীয় সড়কের জাটিঙ্গা থেকে হারাঙ্গাজাও পর্যন্ত চারলেন যুক্ত ইষ্ট-ওয়েষ্ট করিডোরের কাজের অগ্রগতি পর্যালোচনা করেছেন । সভায় জানানো হয় যে এই প্রকল্প নির্মানের কাজ এ পর্যন্ত ৮৬ শতাংশের বেশী সম্পূর্ণ করা হয়েছে । শ্রী রাই এই সড়কের গেরেম , জাটিঙ্গা , মায়ুংক্র , বরো মুলকই ইত্যাদি অঞ্চলের কাজ দ্রত গতিতে সম্পন্ন করার পরামর্শ দেন ।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল বেলা ১১টায় আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের জনসধারণের সঙ্গে মত বিনিময় করবেন । এটি হবে আকাশবাণী যোগে প্রচারিত মন-কি-বাত অনুষ্ঠানের ১শো ২৮তম পর্ব । এই অনুষ্ঠান আকাশবাণী

ও দূরদর্শনের সবগুলি নেটওয়ার্ক ছাড়াও আকাশবাণীর ওয়েবসাইট এ-আই-আর নিউজ এবং নিউজ-অন-এ আই আর মোবাইল এ্যাপের মাধ্যমেও শুনা যাবে । প্রধানমন্ত্রীর কার্যালয় , তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয় , আকাশবাণী ও দূরদর্শনের ইউ-টিউব চ্যানেল যোগেও এই অনুষ্ঠান প্রচার করা হবে । আকাশবাণী এই অনুষ্ঠান প্রচার হওয়ার পরই মন-কি-বাত অনুষ্ঠানের আঞ্চলিক অনুবাদ প্রচার করবে ।

---

গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি বিভাগের উদ্যোগে আজ বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে 'রোল অব বায়োটেকনোলজি ইন মডার্ন এমব্রিয়োলজি' শীর্ষক একটি আর্ন্তজাতিক পর্যায়ের সিম্পোজিয়াম অনুষ্ঠিত হয়েছে । অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- মেক্সিকো'র সেন্টার অব টেকনোলজিক্যাল ইনোভেশন এন্ড রিপ্রোডাকটিভ মেডিসিনের মুখ্য কার্যবাহী আধিকারিক ইসরায়েল মাল্ডোনাডো রোসাস । এছাড়া বাংলাদেশের জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের ফার্মাসিস্ট বিভাগের অধ্যাপক সুকল্যাণ কুমার কুন্ডু, ওই বিশ্ববিদ্যালয়ের মাইক্রোবায়োলজি বিভাগের অধ্যাপক সৌরভ কান্তি দাস, বাংলাদেশের মাইক্রোবায়োলোজিস্ট তুষার কান্তি পাল, গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিরঞ্জন রায় প্রমুখ । এতে প্রধান অতিথির ভাষণে ইসরায়েল মাল্ডোনাডো রোসাস বায়োটেকনোলজি বিভাগের স্নাতকদের জন্য কর্মজীবন হিসেবে এমব্রায়োলজি ও প্রজনন বায়োটেকনোলজি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন । তিনি প্রজনন চিকিৎসার ক্ষেত্রে দক্ষ এমব্রায়োলজিস্টদের আর্ন্তজাতিক পর্যায়ে ক্রমবর্ধমান চাহিদার কথাও উল্লেখ করেছেন । উপাচার্য অধ্যাপক রায় বলেন- কোনো বিশ্ববিদ্যালয়ের শিক্ষাক্ষেত্রে উচ্চমানের ফলাফল, গবেষণা এবং উদ্ভাবন-ই একটি বিশ্ববিদ্যালয়কে শ্রেষ্ঠত্ব প্রদান করে । তিনি শিক্ষার্থীদের গবেষণামূলক শিক্ষার মাধ্যমে তাদের শিক্ষাগত উৎকর্ষতা বৃদ্ধির পরামর্শ দেন ।

---

আসাম চতুর্থ প্রাথমিক সাক্ষরতা এবং সাংখ্যিকতা মান নিরূপণ পরীক্ষায় ৯৯ দশমিক ৯-৬ শতাংশ সাফল্যের হার নিয়ে বিশেষ কৃতিত্ব অর্জন করতে সমর্থ হয়েছে । বিগত বারোই অক্টোবর অনুষ্ঠিত এই পরীক্ষায় অংশগ্রহণ করা চার লক্ষ ৪৫ হাজার ১৪৭ জন প্রার্থীর মধ্যে ৪ লক্ষ ৪৪ হাজার ৯৬৯ জন সাফল্য অর্জন করেছে । শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু সামাজিক মাধ্যমে একথা জানিয়ে এই সাফল্যের জন্য প্রার্থীদের অভিনন্দন জানিয়েছেন ।

---

পূর্ত ও গ্রামীন সড়ক ডিভিশনের বরখলা এবং কাটিগড়া সংমন্ডলের মুখ্য বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে নতুন কালভার্ট নির্মানের জন্য আগামী সোমবার থেকে আগামী ২০ ডিসেম্বর পর্যন্ত বদরপুর জুমবস্তি কালিবাড়ী সড়ক দিয়ে সব ধরণের হালকা ও ভারী যানবাহন চলাচল বন্ধ থাকবে । ওই সময় এই সড়কের পরিবর্তে যানবাহন চালকরা বদরপুর এফ সি আই সড়ক দিয়ে যাতায়াত করতে পারবেন বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------